তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা ৭ কলাম ৫

কালের কণ্ঠ

### রাজউক উত্তরা মডেল কলেজে কালের কণ্ঠ সম্পাদক

# বই সবচেয়ে বড় আলোর জায়গা

**নিজস্ব প্রতিবেদক ▷**

বিশিষ্ট কথাসাহিত্যিক ও কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলন বলেছেন, 'সবচেয়ে বড় আলোর জায়গা বই। যারা বই পড়বে তারা আলোকিত হবে। আমাদের প্রথমে নিজেকে আলোকিত করতে হবে, এরপর পরিবার ও সমাজকে। ভালোবাসতে হবে দেশকে। আর আমাদের জীবনের সবচেয়ে বড় অহংকার ১৯৭১, এটাও সবাইকে মনে রাখতে হবে।'

গতকাল সোমবার রাজধানীর রাজউক উত্তরা মডেল কলেজে তিন দিনব্যাপী বইমেলার শেষদিনে বই পড়ার অভিজ্ঞতা বলার প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে ইমদাদুল হক মিলন এসব কথা বলেন। দেশের শীর্ষস্থানীয় প্রকাশকদের যৌথ আয়োজনে এ মেলা অনুষ্ঠিত হয়। ১২টি সৃজনশীল প্রকাশনা সংস্থা এতে অংশ নেয়।

প্রতিযোগীদের উদ্দেশে কালের কণ্ঠ সম্পাদক বলেন, 'শিক্ষার্থীদের বয়স উপযোগী বই বাছাই করা প্রয়োজন। এ ক্ষেত্রে শিক্ষকদের সাহায্যও নিতে পারে শিক্ষার্থীরা। তবে শুরুটা হওয়া উচিত বাংলা ভাষার ভালো লেখকদের বই দিয়ে। তাহলেই পাঠাভ্যাস গড়ে উঠবে। শিক্ষার্থীদের এমন বই পড়া দরকার, যে বই জীবনকে সত্যিকারভাবে আলোকিত করবে।'

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন ইমদাদুল হক মিলন। এ সময় উপস্থিত ছিলেন শিশুসাহিত্যিক আহমেদ মাজহার ও লেখক জয়নাল হোসেন।